

ঢাকা ওয়াসা

বিষয় : ফটোকপিয়ারের ডেভেলপার, ড্রাম রোলার এবং ক্লিনিং ব্লেন্ড ক্রয় প্রসঙ্গে।

১৮১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ থেকে বাস্তব ও আর্থিক অগ্রগতির প্রতিবেদন, ২৩ কলাম, আর্থিক প্রতিবেদন, অর্থ ছাড়করণ সংক্রান্ত, ডিপিপি, টিএপিপি, মাসিক কার্যাবলী প্রতিবেদন, আইএমইডি ও ত্রৈমাসিক প্রতিবেদনসহ অন্যান্য প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনসহ অন্যান্য উন্নয়ন সহযোগীদের প্রেরণ করতে হয়। এসব নিয়মিত প্রতিবেদন/ রিপোর্ট ছাড়াও এ বিভাগের প্রয়োজনীয় বিভিন্ন জরুরি কাজে ফটোকপি প্রয়োজন হয়। হঠাৎ করে এ বিভাগের ফটোকপি মেশিনটি ভালোভাবে প্রিন্ট করা যাচ্ছে না। পরবর্তীতে, একজন টেকনিশিয়ানকে দেখালে তিনি মেশিনটিতে ডেভেলপার, ড্রাম রোলার এবং ক্লিনিং ব্লেন্ড যন্ত্রাংশ নষ্ট হয়েছে বলে অবহিত করেন। ফলে দপ্তরের দৈনন্দিন কার্যাদি সম্পাদনে বিঘ্ন ঘটছে। এমতাবস্থায়, এ বিভাগের ফটোকপি মেশিনের (TOSHIBA e-STUDIO3028A) এর ডেভেলপার, ড্রাম রোলার এবং ক্লিনিং ব্লেন্ড যন্ত্রাংশ কর্তৃপক্ষের কাজের স্বার্থে অত্র দপ্তরের জন্য অস্থায়ী অগ্রিমের মাধ্যমে ক্রয় করা প্রয়োজন। ফটোকপি মেশিন (TOSHIBA e-STUDIO3028A) এর ডেভেলপার, ড্রাম রোলার এবং ক্লিনিং ব্লেন্ড যন্ত্রাংশ বাজার মূল্য নিম্নে উল্লেখ করা হলো।

ক) ফটোকপি মেশিন TOSHIBA e-STUDIO3028A এর ডেভেলপার ১ টি = ১০,৫০০/- টাকা

খ) ফটোকপি মেশিন TOSHIBA e-STUDIO3028A এর ড্রাম রোলার ১ টি = ৭,০০০/- টাকা

গ) ফটোকপি মেশিন TOSHIBA e-STUDIO3028A এর ক্লিনিং ব্লেন্ড ১ টি = ৩,৫০০/- টাকা

গ) ফটোকপি সার্ভিসিং ফি বাবদ = ১,০০০/- টাকা

মোট = ২২,০০০/- টাকা

১৮২। বর্ণিত বিবরণের আলোকে ফটোকপি মেশিনের ডেভেলপার, ড্রাম রোলার এবং ক্লিনিং ব্লেন্ড যন্ত্রাংশ ক্রয় এবং সার্ভিসিং ফি বাবদ ২২,০০০/- (বাইশ হাজার) টাকা মাত্র অত্র বিভাগের উপ-প্রধান (পরিকল্পনা) এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসেবে সদয় অনুমোদনের জন্য পেশ করা হল। প্রকৃত খরচের টাকা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয় ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত অস্থায়ী অগ্রিম অনুমোদনের এখতিয়ারাধীন।

উপর্যুক্ত বর্ণনার আলোকে ফটোকপি মেশিনের মালামাল ক্রয়ের জন্য অস্থায়ী অগ্রিম হিসেবে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা উপ-ব্যবস্থাপনা পরিচালক (গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের সদয় অনুমোদনের জন্য পেশ করা হলো।

02/07/26
RA-4
হাসিবুল ইসলাম
গবেষণা সহকারী
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা।

02.7.26
RD-3
মোঃ আব্দুল হোসেন
গবেষণা কর্মকর্তা
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা।

02.07.26
সঞ্জয় চন্দ্র তালুকদার
সহকারী প্রধান (পরিকল্পনা)
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা।

02.07.26
DEP
কাজী মোঃ ফারুক হোসেন
উপ-প্রধান (পরিকল্পনা)
পরিকল্পনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
ঢাকা ওয়াসা।

ACE
02.07.2026
আলিমগীর হাছিম আহমেদ
অতিরিক্ত প্রধান একেইলি
গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন
ঢাকা ওয়াসা।

Approved
06.07.26
DMO
মোঃ আভিজাত হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অঃ দাঃ)
গবেষণা, পরিকল্পনা ও উন্নয়ন
ঢাকা ওয়াসা।